# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


নির্বাহী প্রকৌশলীর দপ্তর
পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।
ফোনঃ অফিস: ০২-৪৭৮৮৩৫৫৫৪
বাসাঃ

**Office of the Executive Engineer**
Patuakhali O&M Division, BWDB,
Patuakhali
Phone: Off:02-478835554
E-mail : xen.patuakhali@gmail.com


স্মারক নং-১ই-১৯/৯০ তারিখ : ২০/০৭/২০২৩খ্রিঃ।

*"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন বিজ্ঞপ্তি"*

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (**LTM**) আওতায় অনধিক ৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবাহের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্ত/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা মহোদয়ের এর স্মারক নং-৪২.৩১.০০০.০০৫. ২২.০০৩.১৫.১৩৪, তারিখ : ২০-০৭-২০২০খ্রিঃ মোতাবেক **The Accounts Officer, Regional Accounting Center, BWDB, Patuakhali.** এর অনুকূলে নির্ধারিত আবেদন ফি বাবদ (ডকুমেন্ট) ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩১-০৮-২০২৩খ্রিঃ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, **LTM** পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩(২) অনুসরণযোগ্য :-

ঠিকাদার সরবরাহকারী তালিকাভূক্তির (কার্য-ক্রয় ও পণ্য) আবেদনের তফসিল :

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | : | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | : | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | : | পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | : | ১) বৈধ ট্রেড লাইসেন্স, ২) **VAT & TIN** সার্টিফিকেট, ৩) হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য-৩০.০০ লক্ষ টাকা এবং পণ্য- ৫.০০ লক্ষ টাকা), ৪) আগ্রহী সকল ঠিকাদারকে অবশ্যই ই-জিপিতে নিবন্ধিত হতে হবে ও ডকুমেন্টে বর্ণিত ও অন্যান্য সনদপত্র/তথ্যাদি। |
| ৫। | আবেদন ফরম ফি | : | আবেদন ফরম ফি বাবদ- ৫০০/- (পাঁচ শত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে। |
| ৬। | তালিকাভূক্তিকরণ ফি | : | নিবন্ধন ফি বাবদ- ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে। এছাড়াও অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/-(সাতশত পঞ্চাশ) টাকার চালন কপি হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে। |
| ৭। | আবেদনকারী নাগরিক | : | পটুয়াখালী জেলার স্থায়ী নাগরিকদের জন্য প্রযোজ্য। |
| ৮। | আবেদনের সময়সীমা | : | ৩১-০৮-২০২৩ খ্রিঃ, বিকাল ৪.০০ ঘটিকা : (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

ঠিকাদার তালিকাভূক্তি (কার্য-ক্রয়) নবায়নের তফসিল :

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনের যোগ্যতা | : | ১। আবেদন পত্র, ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স এবং ৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| ২। | নবায়ন ফি | : | নবায়ন ফি ২০০০/-(দুই হাজার) টাকার পে-অর্ডার ও সরকারী নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/-(তিনশত) টাকার চালান কপি হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পটুয়াখালী এর অনুকূলে। |
| ৩। | আবেদনের সময়সীমা | : | ৩১-০৮-২০২৩ খ্রিঃ, বিকাল ৪.০০ ঘটিকা : (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (**Procuring Entity**) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান। তালিকাভূক্তি মানেই কাজ প্রদানের নিশ্চয়তা নয়।

Arif 20/07/23
(মোঃ আরিফ হোসেন)
নির্বাহী প্রকৌশলী
পটুয়াখালী পওর বিভাগ
বাপাউবো, পটুয়াখালী।
20.07.2023

স্মারক নং-১ই-১৯/৯০/১(১৪) তারিখ ঃ ২০/০৭/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, গ্রীণ রোড, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, গ্রীণরোড, ঢাকা
৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, পটুয়াখালী।
৬। নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কলাপাড়া, পটুয়াখালী।
৭। সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, পানি ভবন, গ্রীণরোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮-১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, পটুয়াখালী/গলাচিপা/বাউফল পওর উপ-বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।
১১। হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, পটুয়াখালী।
১২। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
১৩। উচ্চমান সহকারী/উদ্ধর্তন হিসাব সহকারী, অত্র দপ্তর।

(১২-১৩) বিষয়টি সার্বিক মনিটরিং করার জন্য বলা হলো।

১৪। অফিস কপি।

২০/০৭/২২

নির্বাহী প্রকৌশলী
পটুয়াখালী পওর বিভাগ
বাপাউবো, পটুয়াখালী।
20.07.2023